

গ্রীক পুরাণ থেকেও তাদের
প্রশ্ন করা হবে না।
বা তাদের কেউ কাপুরুষের মত মরলে
তাদের উৎপন্ন আত্ম-বিরক্তি নিয়েও
কোনো প্রশ্ন উঠবে না।

পূর্ণ মিথ্যার ছায়ায় জাত
তাদের বিমূর্ত বিচার নিয়েও
কোনো প্রশ্ন উঠবে না।

একদিন
সাধারণ মানুষ আসবে।

সেই অরাজনৈতিক বুদ্ধিজীবীদের
কবিতা ও বইতে স্থান না পাওয়া
অথচ প্রত্যহ তাদের বাড়ি দুধ-রুটি-ডিম পৌছে দেওয়া
তাদের গাড়ি চালানো
তাদের কুকুর ও বাগানের দেখভাল করা
তাদের হয়ে কাজ করা লোকগুলো আসবে,
আর প্রশ্ন করবে:

‘কি করছিলেন যখন গরিবগুলো
মরছিল, যখন কোমলতা
আর জীবন
শুকিয়ে বেরিয়ে যাচ্ছিল তাদের দেহ থেকে?’

আমার সোনার দেশের
অরাজনৈতিক বুদ্ধিজীবীগণ
তোমরা উত্তর দিতে পারবে না।

নীরবতার শকুন
তোমাদের স্নায়ু ছিঁড়ে ছিঁড়ে খাবে।

তোমাদের দুঃখ তোমাদের
আত্মকে গ্রাস করবে।

আর তোমরা লজ্জায় চূপ করে যাবে।

অনুবাদ ঃ

অর্গব দত্ত

ঐ কার্তিক, ১৪১২

বেহালা, কলকাতা

<http://groups.yahoo.com/group/sahitya/>

